

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-১৪৩

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৩/ ০২ মার্চ ২০১৭খ্রি।

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কারিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের উপজেলাভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কারিটা) কর্মসূচির আওতায় দেশের ৬৪ টি জেলার ৪৯০ টি উপজেলায় (তেজগাঁও উন্নয়ন সার্কেলসহ) সর্বমোট ৭০,০০০ (সতত হাজার) মে.টন গমের মূল্য মোট ২০২,৯৬,৩৭,৮০০/- (দুইশত দুই কোটি ছয়শতাঁই লক্ষ সাইত্রিশ হাজার চারশত) টাকা (প্রতি মে.টন ২৮,৯৯৪.৮২ টাকা হারে) নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড ৪৯০১-৫০৯০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	উপজেলাভিত্তিক বরাদ্দ	টাকার পরিমাণ
১।	৪৯০ টি উপজেলা (তেজগাঁও সার্কেলসহ) (৭০,০০০ মে.টন গমের মূল্য)	সর্বমোট: ২০২,৯৬,৩৭,৮০০/- (দুইশত দুই কোটি ছয়শতাঁই লক্ষ সাইত্রিশ হাজার চারশত) টাকা।

শর্তসমূহ:

- (১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প প্রাঙ্গণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩০/০৪/২০১৭ খ্রিৎ তারিখ।
প্রকল্পের কাজ শুরুর পূর্বে কারিটা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে অনুমোদন নিতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং কারিটা নির্দেশিকা-এর অনুশাসনাবলী থথায়ভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এই আদেশে বরাদ্দকৃত অর্থ মোট বরাদ্দের ৫০% হিসাবে সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে। সোলার হোম সিস্টেমের পার্শ্বে ‘মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ’ উল্লেখ করতে হবে। প্লেটটি আলো প্রতিফলনযোগ্য (Light Reflecting) হতে হবে।
- (৪) নতুনভাবে তৈরীকৃত /সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুইপার্শে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- (৫) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে।
- (৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর নীতিমালা অনুযায়ী বরাদ্দ বিভাজন করে মন্ত্রণালয়কে অবহিত করবেন। বিভাজনের এক সেট অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এক্ষেত্রে বিভাজনের পৃথকভাবে অনুমোদন নিতে হবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাক-২)

ফোন: ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন


৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-১৪৩

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৩/ ০২ মার্চ ২০১৭খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জোটতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও পুরোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আশুল গণি রোড, ঢাকা।
- ৯। সিটেম এনালিষ্ট, আই. পি. টি. সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১০। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোঃ ইসমাইল হোসেন)
যুগ্মসচিব(ত্রাক-২)